

সম্পাদকীয়:

করোনাভাইরাস সংক্রমণে ক্রমেই বড় ধরনের বিপর্যয়ের দিকে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। বিপর্যয়কর এই পরিস্থিতিতে চরম সমস্যাসঙ্কুল দিন অতিবাহিত করছে দৈনিক উপার্জনের উপর নির্ভরশীল পরিবারগুলো। সরকারি সহায়তার উদ্যোগ গ্রহণ করা হলেও, এখনো অনেকে এর আওতার বাইরে রয়েছে। কোথাও কোথাও খাদ্যের দাবিতে বিক্ষোভও হচ্ছে। এই প্রেক্ষাপটে সারাদেশে সুজন-এর বন্ধুরা তাদের সীমিত সাধ্য দিয়ে চেষ্টা করছেন বিপর্যস্ত মানুষগুলোর পাশে দাঁড়ানোর। এমনি কিছু মানুষের ক্ষুদ্র ক্ষুদ্র উদ্যোগের কথা তুলে ধরার জন্য প্রকাশিত হলো এই নিউজ লেটার।

নরসিংদীতে সুজন-এর উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ:



করোনাভাইরাসের প্রভাবে দৈনিক উপার্জনের উপর নির্ভরশীল ঘরবন্দী শ্রমজীবী দরিদ্র মানুষের মধ্যে খাদ্যসহ সহায়তা সামগ্রী বিতরণের কার্যক্রম শুরু করেছে সুজন-নরসিংদী উপজেলা কমিটি। সর্বমোট ৫০০ পরিবারকে টার্গেট করে গত ১১ এপ্রিল ২০২০ তারিখ থেকে সুজন- নরসিংদী উপজেলা কমিটির সভাপতি ও আজীবন সদস্য মোঃ সফিকুল ইসলাম প্রধানের নেতৃত্বে এই কার্যক্রম শুরু হয়। এখন পর্যন্ত ২৫০টি পরিবারের মাঝে এই সহায়তা সামগ্রী বিতরণ করা হয়েছে। প্রধানত রাতের আধারে বাড়ি বাড়ি গিয়ে সরকারি সহায়তার আওতা বহির্ভূতদের মাঝে এই সহায়তা সামগ্রী বিতরণ করা হচ্ছে।

সহায়তা সামগ্রীর মধ্যে রয়েছে ৫ কেজি চাল, ১ কেজি মুসুর ডাল, ১ কেজি আলু, ৫০০ গ্রাম ছইল পাউডার ও ১টি সাবান।

উল্লেখ্য, ইতোপূর্বে নরসিংদীতে ডি সি রোডের জহুরি মহল্লার মোড়ে ২টি ওয়াস বেসিন স্থাপনসহ মাস্ক ও পিপিই বিতরণ করা হয়েছে।

অভয়নগরে সুজন-এর উদ্যোগে খাদ্যসহ সহায়ক সামগ্রী বিতরণ:



সুজন- যশোর জেলার আওতাভুক্ত অভয়নগর উপজেলা কমিটির উদ্যোগে ৫০টি পরিবারের মধ্যে খাদ্যসহ সহায়ক সামগ্রী বিতরণ করা হয়। গত ৫ এপ্রিল ২০২০-এ বিতরণকৃত সামগ্রীর মধ্যে ছিল: পরিবার প্রতি ২ কেজি ৫০০ গ্রাম চাল, ১ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন, ৫০০ গ্রাম মুসুর ডাল, আধা লিটার সয়াবিন তেল, ১টি মাস্ক, ১টি হ্যান্ড স্যানিটাইজার এবং ১টি সাবান।

সুজন-অভয়নগর উপজেলা কমিটির নেত্রী নাছরিন সুলতানার নেতৃত্বে এই কার্যক্রম পরিচালিত হয়। এছাড়াও করোনাভাইরাস মোকাবেলায় বিভিন্ন ধরনের সচেতনতামূলক কার্যক্রমও পরিচালনা করা হয়।

ঝালকাঠিতে মঈন তালুকদারের কার্যক্রম:



জনাব মহিন উদ্দিন তালুকদার। এলাকায় পরিচিত মঈন তালুকদার নামে। সুজন-ঝালকাঠি জেলা কমিটির সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য। পাশাপাশি তিনি ঝালকাঠি সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান। বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের শুরু থেকেই তিনি তৎপর রয়েছেন বিভিন্ন কাজে। কখনো মানুষকে সচেতন করা, কখনো রাস্তাঘাটে জীবাণুনাশক স্প্রে করা, কখনো ড্রেন পরিষ্কার করা, কখনো জনপ্রতিনিধি হিসেবে ত্রাণসামগ্রী বিতরণ ইত্যাদি বিভিন্নমুখী কাজে ব্যস্ত রয়েছেন তিনি।

উল্লেখ্য, এক সময় জনাব মঈন তালুকদার কেওড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং স্বশাসিত ইউনিয়ন পরিষদ এডভোকেসি গ্রুপ বাংলাদেশ-এর কেন্দ্রীয় কমিটির নেতা ছিলেন।

বাংলাদেশে করোনাভাইরাসের সর্বশেষ চিত্র:

মোট আক্রান্ত - ১৫৭২ জন

মোট মৃত্যু - ৬০ জন

মোট সুস্থ - ৪৯ জন

তথ্যসূত্র: আইইডিসিআর; তারিখ: ১৬-০৪-২০২০